



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন: ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৬/১১/২০২১

হাসান আজিজুল হকের মৃত্যুতে পাবিপ্রবি ভিসির শোক

(১৬/১১/২০২১): প্রখ্যাত কথা সাহিত্যিক ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের প্রাক্তন শিক্ষক অধ্যাপক হাসান আজিজুল হক ঐর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী।

এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, হাসান আজিজুল হক বাংলা সাহিত্যের প্রধানতম লেখক ছিলেন। বাংলা সাহিত্যের দিকপাল ও একজন নক্ষত্রকে আমরা হারালাম। জীবন সংগ্রামে লিপ্ত মানুষের কথা তাঁর লেখার অন্যতম বিষয়বস্তু ছিল। সারাজীবন তিনি মানুষের কথা লিখতেন, মানুষকে আলো দেখাতেন। শিক্ষক হিসেবে ছিলেন সবার অনুসরণীয়। শিক্ষার্থীদের প্রিয় ব্যক্তিত্ব।

উপাচার্য মহোদয় তাঁর শোক সন্তুষ্ট পরিবারের প্রতি গভীর সমবেদনা ও মরহুমের আত্মার মাগফেরাত কামনা করেন।

উল্লেখ্য, গত ১৫ নভেম্বর সোমবার রাতে রাজশাহীর নিজ বাসভবনে ইন্তেকাল করেন হাসান আজিজুল হক।

বার্তা প্রেরক-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক

পাবলিক রিলেশন্স এন্ড পাবলিকেশন দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

মোবাইল: ০১৭১১৯৪২২১২